

নকলে সহায়তা করায় শতাধিক শিক্ষক বহিষ্কার

রেজানুর রহমান ■ পরীক্ষা ছয়মাসের। অধিক বহিষ্কৃত হচ্ছেন শিক্ষক। এসএসসি পরীক্ষায় ইংরেজী ও বাংলা ৪টি পত্রে ছাত্র-ছাত্রীকে নকলে সহায়তা করার দায়ে সারাদেশে শতাধিক শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। কর্তব্যরত ম্যাজিস্ট্রেট ডিভিশনের টিমের সদস্যবৃন্দ নীতিহীন এই শিক্ষকদের বহিষ্কার করেছেন। কোথাও কোথাও ছাত্র-ছাত্রী অভিভাবকদের সামনেই হাতকড়া লাগিয়ে শিক্ষককে খানায় নিয়ে গেছে পুলিশ। আশার কথা, এবার কিছুটা হলেও পরীক্ষায় নকলপ্রবণতা দূর হয়েছে। কিন্তু ইতিমধ্যে দেশের বিভিন্ন স্থানে (১৯শ পৃঃ ৫-এর কঃ ১ঃ)

নকলে সহায়তায়

(১৯শ পৃঃ পর)

শতাধিক শিক্ষক বহিষ্কারের ঘটনার পরীক্ষা গ্রহণের উল্লেখ দিকগুলো অনেকটা স্নান হতে চলেছে। ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে শিক্ষা উপমন্ত্রী আব্দুল মান্নান পিই হাশের বোর্ডের বাদ মরক্কানুর শিপলস ডিগ্রী কলেজ ও দৌলতপুর গাইলট হাইস্কুল কেন্দ্রে থেকে ৩৪ জন শিক্ষক বহিষ্কার করেছেন। গত বছর এসএসসি পরীক্ষা চলাকালে নকলে সহায়তা করার দায়ে সারাদেশে ১৩৪ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের এক সত্য এই শিক্ষকদের অপরাধ ক্ষমা করে দেয়া হয়। এবার পরীক্ষা তকর আগে থেকেই প্রচার করা হয়েছে নকলে সহায়তাকারী শিক্ষক আর রেহাই পাবেন না। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য, বহিষ্কৃত শিক্ষকদের কেউ কেউ ইতিমধ্যেই অপরাধ মওকুফের জন্য উপর মহলে দেনদরবার চক্র করেছেন।

গতকালের পরীক্ষা

গতকাল এসএসসি পরীক্ষার ৫ম দিনে সারাদেশে নেতৃত্বাধীন শান্তিপুর পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয় শিক্ষা বোর্ডের হুদিস শরীফ পরীক্ষায় অসদুপায় অবনমনের দায়ে সারাদেশে ৩ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।